

ভূঞাপুরে নতুন স্কুল ড্রেস পেলো ১৮০ শিক্ষার্থী

ঝরে পড়াদের স্কুলমুখী করতে উদ্যোগ

■ ভূঞাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

কবির বয়স ৯। বিদ্যালয় দূরে থাকায় লেখাপড়া করতে চাইতে না সে। দরিদ্র পরিবারের সন্তান কবির। তাই বাড়ির গরু ও ছাগল চরাতো। এবছরের জানুয়ারিতে তার বাড়ির পাশে সোহরাব আলী সরকারি প্রাথমিক বিদ্যালয় নামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

বর্তমানে কবির ওই প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র। শুধু কবির নয়, এরকম ঝরে পড়া আরো অনেক শিশুই বর্তমানে ওই স্কুলের শিক্ষার্থী। ঝরে পড়া শিশুদের স্কুলমুখী করতেই নিজ উদ্যোগে সম্প্রতি ১৮০ শিক্ষার্থীর সাথে স্কুল ড্রেস বিতরণ করেন বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি সোহরাব আলী। সরেজমিনে গিয়ে দেখা যায়, উপজেলার রেহাই চরণাবসারা গ্রামে ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্পের অধীনে সোহরাব আলী সরকারি প্রাথমিক বিদ্যালয়টি স্থাপিত হয়। শিশু শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত বিদ্যালয়ে মোট শিক্ষার্থীর সংখ্যা ১৮০। এর মধ্যে ঝরে পড়া শিশুর সংখ্যাই বেশি। আবার যে শিশুরা অনেক দূরের স্কুলে ভর্তি হয়েছিল তারাও ভর্তি হয়েছে এই স্কুলে। শিক্ষার্থীর সংখ্যা বেশি হলেও শিক্ষক রয়েছেন দু'জন। গড়ে ৯০ জন শিক্ষার্থীর জন্য শিক্ষক রয়েছেন একজন। ফলে শিক্ষা কার্যক্রম পুরোটাই ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মীর মোহাম্মদ জাহিদুল কবীর তহিন বলেন, শিক্ষক সংকটের কারণে ওই বিদ্যালয়ে ২ জন শিক্ষক দেয়া হয়েছে। তারপরও প্রাথমিক শিশুদের শিক্ষা নিশ্চিত করতে সেখানে আরো শিক্ষক দেয়া হবে।